

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫২

আগরতলা, ২ মে, ২০২৬

আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজের
উদ্যোগে মুন্সিয়াকামীতে মেগা স্বাস্থ্য শিবির



অল ত্রিপুরা গভর্নমেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন(এটিজিডিএ)-এর উদ্যোগে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজের সহযোগিতায় খোয়াই জেলার অধীন মুন্সিয়াকামি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত রামকৃষ্ণপুর জেবি স্কুল প্রাঙ্গণে গত ৩০ এপ্রিল এক মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। উক্ত শিবিরে বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকগণ উপস্থিত থেকে মোট ১০৫ জন রোগীকে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধ প্রদান করেন। এর মধ্যে উচ্চ রক্তচাপের রোগী ছিলেন আট জন, চর্মরোগের রোগী ছিলেন আট জন, চক্ষু সমস্যার রোগী ছিলেন পাঁচ জন, ব্যথা জনিত সমস্যায় ভুগতে থাকা রোগী ছিলেন ১০ জন এবং শিশু রোগী ছিলেন ২৮ জন। এছাড়াও, এই শিবিরে ৮৪ জনের আরবিএস পরীক্ষা ও ৭২ জনের হিমোগ্লোবিন পরীক্ষা করা হয়।

উক্ত স্বাস্থ্য শিবিরে বিশেষজ্ঞ চিকিৎসকদের মধ্যে অংশগ্রহণ করেন আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজের ডেপুটি মেডিক্যাল সুপারিনটেনডেন্ট জেনারেল মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ কনক চৌধুরী, ডাঃ শেখর দত্ত মজুমদার, অস্থি রোগ বিশেষজ্ঞ ডাঃ ন্নেহাশিস দত্ত, ইএনটি বিশেষজ্ঞ ডাঃ সত্যকাম চক্রবর্তী, জেনারেল সার্জন ডাঃ তাপস পাল, শিশুরোগ (পেডিয়াট্রিক্স) বিশেষজ্ঞ ডাঃ রিপন দেববর্মা, স্ত্রীরোগ ও প্রসূতি বিশেষজ্ঞ ডাঃ বিকাশ মজুমদার, চক্ষু বিশেষজ্ঞ ডাঃ সন্দীপ সরকার, চর্মরোগ(ডার্মাটোলজি) বিশেষজ্ঞ ডাঃ কমল দাস ও মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ বিষ্ণু গোস্বামী প্রমুখ। খোয়াই জেলা হাসপাতাল থেকে উপস্থিত ছিলেন বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ রাজেশ দেববর্মা, ডাঃ বিশ্বজিৎ দেববর্মা ও ডাঃ অরিন্দম দেববর্মা এবং মুন্সিয়াকামি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের মেডিক্যাল অফিসার ডাঃ হেলি দেববর্মা ও ডাঃ অক্ষয় দেববর্মা। এছাড়াও, উক্ত শিবিরে নার্সিং অফিসার, ল্যাবরেটরি টেকনিশিয়ান, ফার্মাসিস্ট সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীদের সক্রিয় সহযোগিতায় এই মেগা স্বাস্থ্য শিবিরটি সুচারুভাবে সম্পন্ন হয়। এই ধরনের মেগা স্বাস্থ্য শিবিরের মাধ্যমে স্বাস্থ্য পরিষেবার সুযোগ পেয়ে মুন্সিয়াকামি এলাকার জনসাধারণ খুবই উপকৃত হয়েছেন। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
